

22

**ইসলামী বিশ্ববিদ্যালয়ে  
অনৈতিক কর্মকাণ্ড  
অভিযোগ পাইলে ব্যবস্থা  
নেওয়া হইবে : ভিসি**

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥  
এই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে  
'পরিস্থিতি সৃষ্টি করিয়া' ভাল রেজা-  
ল্টের প্রতিশ্রুতি দিয়া ছাত্রীদের সহিত  
কতিপয় শিক্ষকের অনৈতিক সম্পর্ক  
স্থাপন, ক্যাম্পাসে অসামাজিক কার্য-  
কলাপ বৃদ্ধি এবং নির্মাণাধীন কেন্দ্রীয়  
( ৫ম পৃঃ দ্রঃ )

**ইসলামী বিশ্ববিদ্যালয়ে  
( ৩য় পৃঃ পর )**

মসজিদে ভোটের অভিযোগ প্রসঙ্গে  
তাইস চ্যান্সেলর প্রফেসর কায়েসউদ্দিন  
বলিয়াছেন, কয়েকটি পত্রিকার রিপোর্ট  
পড়িয়াছি, মৌখিকভাবে নানা কথা  
শুনিয়েছি। তবে কেহ লিখিত  
অভিযোগ দেয় নাই। যথাযথভাবে  
অভিযোগ আসিলে অবশ্যই তদন্ত  
সাপেক্ষে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর  
ব্যবস্থা গ্রহণ করা হইবে। তিনি  
ক্যাম্পাসে বহিরাগত প্রবেশ ও আইন-  
শৃংখলার ব্যাপারে প্রক্টরিয়াল কমিটির  
শিথিল ভূমিকায় অসন্তোষ প্রকাশ  
করেন। ভিসি গত সোমবার ক্যাম্পা-  
সের পরিবেশ-পরিস্থিতি নিয়া এক  
সাক্ষাৎকারে আরও বলেন, দীর্ঘদিন  
যাবৎ প্রশাসন ও একাডেমিক শাখার  
বিভিন্ন স্তরে অসঙ্গতিপূর্ণ কর্মকাণ্ড,  
কাজে ফাঁকি দেওয়া এবং অবৈধ  
সুবিধা আদায়ের একটি 'নোংরা কাল-  
চারের' চর্চা হইতেছে। রাতারাতি  
ইহার মূলোৎপাটন সম্ভব নহে। তবে  
শিক্ষার পরিবেশ ফিরাইয়া আনিতে  
কোন আইন বিরোধী কর্মকাণ্ড বরদাস্ত  
করা হইবে না। তিনি বলেন, প্রশাসনে  
শৃংখলা ফিরিতেছে। সেশন জট নির-  
সনে পদক্ষেপ নেওয়া হইয়াছে। তবে  
বার বার তারিখ সবেও যথাসময়ে ক্লাস  
পরীক্ষা-ফল প্রকাশ সম্পন্ন করার  
ক্ষেত্রে মুষ্টিমেয় শিক্ষকের অব্যাহত  
গাফিলতিতে তিনি উদ্বেগ প্রকাশ  
করেন। তিনি বলেন, ছাত্র-শিক্ষক  
সকলকেই আরও সচেতন হইতে  
হইবে। মেডিক্যাল ফ্যাকাল্টি চালু,  
সমাবর্তন অনুষ্ঠানসহ বিভিন্ন কর্মকাণ্ড  
সম্পাদনে জোর প্রচেষ্টা চলিতেছে  
বলিয়া ভিসি উল্লেখ করেন।

**ছাত্রী হলের সংকট নিরসন**

এদিকে হাউস টিউটর শেলিনা  
নাসরিনকে অবাক্তিত ঘোষণা ও অপ-  
সারণের দাবীকে কেন্দ্র করিয়া গত  
এক মাস যাবৎ খালেদা জিয়া হলে  
যে সংকট চলিতেছিল ভিসি ও হল  
প্রভোস্টের সহিত আন্দোলনরত ছাত্রী-  
দের আলোচনার প্রেক্ষিতে তাহা  
নিরসন হইয়াছে।